

নং- ৪৬. ০০.০০০০.০৩৯.০১১.০১৭.২০১৭- ৪৫৩

তারিখঃ ০৬ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ
২০ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

নিয়োগপত্র


স্থানীয় সরকার বিভাগের বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশ এবং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে স্থানীয় সরকার বিভাগের রাজস্ব খাতভুক্ত অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে নিম্নবর্ণিত প্রার্থীদেরকে তাদের নামের পার্শ্বে বর্ণিত বেতন স্কেলে বর্ণিত শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলঃ

মেধাক্রম	রোল নং	আবেদনকারীর নাম এবং স্থায়ী ঠিকানা	বেতনস্কেল
১	২৪৫	বেগম মুমু রহমান, পিতা- মোঃ মজিবুর রহমান, গ্রাম-বড় কয়ের, ডাকঘর-পূবাইল, থানা-জয়দেবপুর, জেলা- গাজীপুর।	৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)
২	১৬৬৯	জনাব মোঃ বাবুল আজ্জার, পিতা- মোঃ আজিজুল হক, গ্রাম- হাপানিয়া, ডাকঘর- আসমানখালী, উপজেলা-আলমডাঙ্গা, জেলা- চুয়াডাঙ্গা।	৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)
৩	২৩২৫	জনাব সাইদুল ইসলাম, পিতা- আরিফ হোসেন, গ্রাম- মদনের গাঁও (পাটওয়ারী বাড়ী), ডাকঘর-চান্দ্রাবাজার, উপজেলা- ফরিদগঞ্জ, জেলা- চাঁদপুর।	৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)

নিয়োগের শর্তাবলীঃ

- নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ০২(দুই) বৎসরের জন্য শিক্ষানবিস হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিস থাকাকালীন সময়ে কর্তৃপক্ষ যদি মনে করেন যে, আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর চাকুরির অবসান ঘটাতে পারবেন;
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পূর্বকার্যকলাপ সম্পর্কে পুলিশ প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশী তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থী স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গরমিল প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- এ পদে যোগদানের জন্য আপনাকে ঢাকাস্থ সিভিল সার্জন অথবা সচিবালয় ক্লিনিকের সিভিল সার্জন দ্বারা স্বাস্থ্য পরীক্ষা করে সুস্থতার সনদপত্র দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোন বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে এবং তা সরকারী দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ- এ নিয়োগ বাতিল করার ক্ষমতা রাখেন;
- যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে;
- বর্তমানে কোন সরকারি বা বে-সরকারি দফতরে কর্মরত থাকলে বর্তমান কর্তৃপক্ষের নিকট হতে যথাযথ অব্যাহতি (রিলিজ) গ্রহণ করে যোগদানের সময় দাখিল করতে হবে;
- চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না;
- এ পত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই এরূপ কোন শর্ত আপনার চাকুরীর ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;

০২। উপযুক্ত শর্তাবলীর আওতায় চাকুরিতে যোগদানে সম্মত হলে আগামী ১২/০৪/২০১৮ তারিখের মধ্যে সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।



(ইফফাত আরা মাহমুদ)
যুগ্মসচিব(প্রশাসন)

নং- ৪৬.০০.০০০০.০৩৯.০১১.০১৭.২০১৭- ৪৫৩

তারিখঃ ০৬ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ
২০ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- ০৪। অতিরিক্ত সচিব(সকল) স্থানীয় সরকার বিভাগ।
- ০৫। যুগ্মসচিব(সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ০৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
- ০৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- ১০। জনাব.....


২০/৩/২০১৮

(মোঃ শহীদুল ইসলাম)

উপসচিব

ফোন- ৯৫৭৫৫৭৩

e-mail: lgadmin1@lgd.gov.bd